ক্ষুদ্র ঋন পরিকল্পনা

Micro Investment Plan (MIP)

শ্রী শ্যামল গন

প্রকল্প অধিকর্তা, এম.কে.এস.পি-এল.কে.পি

ও

ডঃ কাঞ্চন কুমার ভৌমিক

বরিষ্ঠ পরামর্শদাতা

Loka Kalyan Parishad

জীবিকা ও ঋণ পরিকল্পনায় প্রতিষ্ঠানের ভূমিকা কী হবে ?

জীবিকার উন্নতি প্রতিটি গরীব পরিবারের লক্ষ্য। স্বনির্ভর দলের সদস্যরা চালু জীবিকার কাজগুলিকে ভালোভাবে বিচার করে দেখব যাতে তার থেকে আরও বেশী করে আয় করতে পারি । বিপজ্জনক, ঝুঁকিপূর্ণ জীবিকা থেকে নতুন কোনো জীবিকায় যেতে পারি কিনা তাও ভেবে দেখতে পারি অথবা চালু জীবিকা বজায় রেখে বাজারের চাহিদা অনুযায়ী নতুন কোনো জীবিকার কাজ হাতে নিতে পারি কিনা তাও দেখতে পারি ।

Loka Kalyan Parishad

এভাবে চালু জীবিকার বিশ্লেষণ করে আগামী ঋতুতে কী কী জীবিকার কাজ হাতে নিতে পারি তা নিয়ে একটা পরিকল্পনা করব । জীবিকার জন্য ঋণের প্রয়োজন হতে পারে । তাই একই সঙ্গে ঋণ চাহিদার পরিকল্পনাও করা দরকার । জীবিকা ও ঋণ পরিকল্পনা আমাদের নিজেদের যৌথ সঞ্চয় তহবিল থেকে ঋণ দেওয়া নেওয়ার পরিকল্পনা করতে সাহায্য করবে । অন্যদিকে ব্যাংক থেকে ঋণ পেতে হলে পেতে গেলে এই জীবিকা ও ঋণ পরিকল্পনা অবশ্যই স্বনির্ভর দলকে তৈরী করে জমা দিতে হবে ।

জীবিকা ও ঋণ পরিকল্পনা যাতে সময়মত প্রতিটি স্বনির্ভর দল করতে পারে তার জন্য উপসংঘ থেকে সিদ্ধান্ত নিয়ে কোনো একজন সম্পদকর্মীর সহায়তা নেওয়া যেতে পারে। সেই সম্পদকর্মী ঐ উপসংঘের প্রতিটি দলকে প্রয়োজনে হাতে কলমে জীবিকা ও ঋণ পরিকল্পনা করতে সাহায্য করবে ।

Loka Kalyan Parishad

যেসব সম্পদকর্মী এ ব্যাপারে সহায়তা দেবে তাদের সংঘ থেকে উদ্যোগ নিয়ে কীভাবে জীবিকা ও ঋণ পরিকল্পনা করতে হয় সে বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে ।

আমরা স্বনির্ভর দলের সদস্যরা মনে রাখব যে জীবিকা ও ঋণ পরিকল্পনা তৈরী করা হচ্ছে আমাদের গুরুত্বপূর্ণ কাজ ।

Loka Kalyan Parishad

এতে দল ব্যাংক বা অন্য প্রতিষ্ঠান যেখানে ঋণের জন্য আমরা আবেদন করব তারা দলের চাহিদা, ঋণের কারণ এবং ঋণ পরিশোধের পরিকল্পনা সম্বন্ধে জানতে পারবেন

আনন্দধারায় আর্থিক সহায়তা পেতে গেলে প্রতিটি স্বনির্ভর দলকে অবশ্যই জীবিকা ও ঋণ পরিকল্পনা করতে হবে এবং তার ভিত্তিতেই তারা আর্থিক সহায়তা পাবার যোগ্য হবেন ।

Loka Kalyan Parishad

❖ কী ভাবে আমাদের প্রতিষ্ঠানটিকে আমাদের সকলের নিজস্ব প্রতিষ্ঠান করে তুলতে পারি

বিষয়	নিশ্চিত করার কয়েকটি উপায়
১) স্বনির্ভর দলের সাধারন সদস্যদের অংশগ্রহণ বাড়ানোর চেষ্টা	
ক) দলের সাধারন সদস্যদের স্বার্থ রক্ষা করার চেষ্টা	দলের সাধারন সদস্যদের সচেতনতা বাড়ানোর বিভিন্ন বিষয় সম্পর্কে জানানোর জন্য মাঝে মাঝেই প্রচার অভিযান চালানো
খ) পাশাপাশি গড়ে ওঠা দলগুলির মধ্যে নিবিড় সম্পর্ক	মাঝে মাঝে সব দল মিলে বসা, পরিবারের সদস্যদের সবাইকে নিয়ে অনুষ্ঠান করা
গ) প্রতিষ্ঠানটির প্রতি স্বনির্ভর দল সদস্যদের নিজস্বতাবোধ বাড়ানো	সংঘ / উপসংঘ নিজস্ব এলাকার সুবিধা অসুবিধা মাথায় রেখে, এলাকার দলগুলির পছন্দ বা অভ্যাস অনুযায়ী কিছু কাজ হাতে নিয়ে

বিষয়	নিশ্চিত করার কয়েকটি উপায়
ঘ) পিছিয়ে পড়া এলাকার দলের সদস্যদের জন্য বিশেষ সুযোগ সুবিধা	সংঘ দায়িত্ব নিয়ে অতি দরিদ্র, অসহায় পরিবার বা পরিবারের সদস্যদের বাছাই করবে এবং ক্রমাগত সেই তথ্য হালনাগাদ করার ব্যবস্থা রাখবে
ঙ) অতিদরিদ্র দল এবং দল সদস্যদের জন্য বিশেষ সংস্থান	অতি দরিদ্র বা অসহায় পরিবার থেকে যে দল তৈরী হয়েছে সেসব দলগুলি থেকে পরিচালন সমিতিতে প্রতিনিধি রাখার ব্যবস্থা রাখবে অতিদরিদ্র পরিবার গুলির জন্য কিছু সুনির্দিষ্ট কাজ প্রতিবছরই করা।
সংঘের বা উপসংঘের সদস্য নয় এমন দলগুলির সঙ্গে প্রতিষ্ঠানের সম্পর্ক	অন্যান্য দলগুলির সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখা দরকার

বিষয়	নিশ্চিত করার কয়েকটি উপায়
দলগুলির মধ্যে সুদৃঢ় আন্তঃসম্পর্ক	○ সংসদ স্তরে সব সদস্য কে নিয়ে মাঝে মাঝেই সভা করার অভ্যাস তৈরী করা ○ সকলে মিলে কিছু সামাজিক কাজ হাতে নেওয়া ○ ভালো কাজের জন্য ভালো দলকে অথবা সদস্যকে
	অথবা সদস্যদের পরিবারের ছেলেমেয়েদের পুরস্কৃত করা
২) সক্রিয় পরিচালন সমিতি	
পরিচালন সমিতির সদস্য নির্বাচন	সার্বিক সদস্য নির্বাচন
পরিচালন সমিতির সঙ্গে স্বনির্ভর দলের সদস্যদের যোগাযোগের সুযোগ	বিভিন্ন সংসদে বসে পরিচালন সমিতির সদস্যরা বিশেষ সভা করতে পারেন বার্ষিক পরিকল্পনার লিখিত কপি প্রতি সদস্যকে দেওয়া দরকার

বিষয়	নিশ্চিত করার কয়েকটি উপায়
প্রতিষ্ঠান পরিচালনার বিভিন্ন বিষয়ে দক্ষ স্বনির্ভর দল সদস্যদের অংশগ্রহণের সুযোগ	বিষয়ভিত্তিক কমিটিতে বিভিন্ন বিষয়ে দক্ষ সদস্যকে যুক্ত করার সুযোগ রাখা সংঘের কাজের প্রতিবেদনের কপি প্রতি দলসদস্যকে জানাতে হবে । সংসদ সংঘের কাজকর্ম / খরচের হিসাবের কপি প্রতি দল সদস্যকে জানানো এবং কাজের বিষয়ে সদস্যদের পরামর্শ দেওয়ার সুযোগ রাখা
৩) প্রতিষ্ঠানের স্বীকৃতি	**কী করলে ভালো হয়**
অন্যান্য স্থানীয় প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ	সংঘ ও উপসংঘের কর্ম পরিকল্পনার কপি লিখিত ভাবে ব্যাংক, গ্রামপঞ্চায়েত, সরকারী দপ্তরের স্থানীয় অফিসে জমা হবে । তাতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে স্বনির্ভরদলরা কী কী সহায়তা চায় তার উল্লেখ থাকবে।

বিষয়	নিশ্চিত করার কয়েকটি উপায়
৪) দলের সদস্যদের জন্য নির্দিষ্ট পরিষেবা দেওয়া	স্বনির্ভর দলের সদস্যদের জন্য কী কী পরিষেবা সংঘ থেকে দেওয়া হবে তার নির্দিষ্ট তালিকা প্রতিদলের সদস্যদের কাছে পৌঁছে দেওয়া দরকার সংঘের নিয়ম কানুন, উপসংঘের নিয়মকানুন প্রতি দল সদস্যর কাছে ভর্তির সময় থেকেই দিতে হবে
৫) প্রতিষ্ঠানটির সক্রিয়তা ও স্থায়ীত্ব বজায় রাখার জন্য	কাজকর্মের বৈচিত্র্য থাকা দরকার
	প্রত্যক্ষভাবে স্বনির্ভর দল সদস্য বা তাদের পরিবারের সদস্যদের যাতে উপকার হয় এমন কাজ হাতে নেওয়া

বিষয়	নিশ্চিত করার কয়েকটি উপায়
	স্বনির্ভর দলগুলিকে নিয়মমাফিক বিভিন্ন পরিষেবা দেওয়া
	প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষ ভাবে স্বনির্ভর দলগুলির সঙ্গে যোগাযোগ রাখা
	স্বনির্ভর দলগুলি একা যে কাজ করতে পারে না সেই কাজগুলিই গ্রাম পঞ্চায়েত সংঘ / সংসদ সংঘের তরফ থেকে হাতে নেওয়া
	দলগুলির সাংগঠনিক শক্তি বাড়ানোর জন্য নিয়মিত বন্দোবস্ত রাখা

বিষয়	নিশ্চিত করার কয়েকটি উপায়
	প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল বাড়ানো
	প্রতিষ্ঠানের প্রতি স্তরে আর্থিক স্বচ্ছতা বজায় রাখা
	বিভিন্ন কাজে সদস্যদের মতামত দেওয়ার সুযোগ রাখা

Loka Kalyan Parishad

Loka Kalyan Parishad

ধন্যবাদ